

Times Today BD

এম এস রহমান | দেশজুড়ে | 04 June, 2025

বিরল রেকর্ড গড়ল পাবনার চাটমোহর উপজেলার শিক্ষার্থীরা। এই প্রথমবারের মতো উপজেলার বিভিন্ন এলাকার প্রায় ৬৮ জন শিক্ষার্থী দেশের নামকরা শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি পরীক্ষায় মেধার সাক্ষর রেখে ভর্তির সুযোগ পেয়েছেন।

কেউ বুয়েট, কেউ রুয়েট, কেউ বিভিন্ন মেডিকেল কলেজ, কেউ ঢাকা বিশ্ববিদ্যালয়ে, কেউ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে, আবার কেউবা দেশের নামকরা সব শিক্ষা প্রতিষ্ঠানে।

মঙ্গলবার (০৩ জুন) বিকেলে এমনই অর্ধশতাধিক কৃতি শিক্ষার্থীকে প্রথমবারের মতো ক্রেস্ট প্রদান করে সম্মাননা জানাল উপজেলা প্রশাসন। উপজেলা পরিষদের হলরুম মঙ্গলবার বিকেলে ছিল কানায় কানায় পূর্ণ। এ সময় কৃতি শিক্ষার্থীরা তাদের শিক্ষাকালীন সময়ের স্মৃতিচারণ করেন।

উপজেলা প্রশাসনের আয়োজনে এই সংবর্ধনা অনুষ্ঠানে অভিভাবকরা কাঁদলেন তাদের সন্তানদের সফলতায়। আর অগ্রজদের এমন সফলতার গল্প শুনতে এবং এমন এক আনন্দঘন মুহূর্তের সাক্ষী হয়ে রইল উপজেলা বিভিন্ন স্কুল-কলেজের অনুজ শিক্ষার্থীরা।

উপজেলা নির্বাহী অফিসারের (ইউএনও) এমন উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক থেকে শুরু করে সচেতন সমাজ। ভূয়সী প্রশংসায় ভাসছেন ইউএনও মুসা নাসের চৌধুরী।

উপজেলা নির্বাহী কর্মকর্তা মুসা নাসের চৌধুরীর সভাপতিত্বে ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক আইনিন আফরোজের সঞ্চালনায় অনুষ্ঠিত সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য দেন, সহকারি পুলিশ সুপার (চাটমোহর সার্কেল) আরজুমা আক্তার, উপজেলা শিক্ষা অফিসার আব্দুল গণি, চাটমোহর মহিলা ডিগ্রী কলেজের অধ্যক্ষ শরীফ মাহমুদ সরকার সঞ্জু, কৃতি শিক্ষার্থী নুসরাত জাহান পান্না, রাকিব হাসান, শাহরিয়ার তানভীর শোভন প্রমুখ। অনুষ্ঠানে শিক্ষার্থী, অভিভাবক, শিক্ষক, সাংবাদিকসহ সুখিজন উপস্থিত ছিলেন।

উপজেলা নির্বাহী অফিসার মুসা নাসের চৌধুরী বলেন, এক উপজেলা থেকে এতোগুলো শিক্ষার্থী দেশের নামকরা সব বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পেয়েছে সত্যিই এটা বিরল। ক্ষুদ্র কিছু হলেও আমি চেষ্টা করেছি মেধাবীদের মূল্যায়ন করতে। পাশাপাশি অগ্রজদের এমন সাফল্যের গল্প শুনতে উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অনুজ শিক্ষার্থীরা যেভাবে উপস্থিত থেকে উচ্ছসিত হয়েছে এতে আমার খুব ভালো লেগেছে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 01:55

URL: <https://www.timestodaybd.com/public/across-the-country/3330775807>